

ৰ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غَافر(ٱلْمُؤْمن)

আয়াতঃ ৪০:৩

💵 আরবি মূল আয়াত:

غَافِرِ الذَّنبِ وَ قَابِلِ التَّوبِ شَدِيدِ العِقَابِ ذِى الطَّولِ ١٤ لَا اللهَ الَّاهُو ١٠ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ المَصِيرُ ﴿٣﴾

তিনি পাপ ক্ষমাকারী, তাওবা কবূলকারী, কঠোর আযাবদাতা, অনুগ্রহ বর্ষণকারী। তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই। তাঁর দিকেই প্রত্যাবর্তন। — আল-বায়ান

যিনি পাপ ক্ষমাকারী, তাওবাহ কবূলকারী, কঠোর শাস্তিদাতা, বড়ই অনুগ্রহশীল, তিনি ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই, প্রত্যাবর্তন তাঁরই কাছে। — তাইসিরুল

যিনি পাপ ক্ষমা করেন এবং তাওবাহ কবূল করেন, যিনি শাস্তি দানে কঠোর, শক্তিশালী। তিনি ব্যতীত কোন মা'বূদ নেই। প্রত্যাবর্তন তাঁরই নিকট। — মুজিবুর রহমান

The forgiver of sin, acceptor of repentance, severe in punishment, owner of abundance. There is no deity except Him; to Him is the destination. — Sahih International

৩. পাপ ক্ষমাকারী, তাওবা কবুলকারী, কঠোর শাস্তি প্রদানকারী, অনুগ্রহ বর্ষনকারী। তিনি ব্যতীত কোন সত্য ইলাহ নেই। ফিরে যাওয়া তারই কাছে।

তাফসীরে জাকারিয়া

- (৩) যিনি পাপ ক্ষমাকারী, তওবা কবুলকারী,[1] কঠোর শাস্তিদাতা,[2] অনুগ্রাহী।[3] তিনি ব্যতীত (সত্যিকার) কোন উপাস্য নেই। প্রত্যাবর্তন তাঁরই নিকট।
 - [1] বিগত পাপসমূহ ক্ষমাকারী এবং ভবিষ্যতে হতে পারে এমন ভুল-ক্রুটির জন্য তওবা কবুলকারী। অথবা তাঁর বন্ধুদের জন্য ক্ষমাকারী এবং মুশ্রিক ও কাফেররা যদি তওবা করে, তবে তাদের জন্য তা কবুলকারী।
 - [2] কঠোর শান্তিদাতা তাদের জন্য, যারা আখেরাতের উপর দুনিয়াকে প্রাধান্য দিয়েছে এবং আল্লাহর সাথে বিদ্রোহ ও সীমালজ্মনের পথ অবলম্বন করেছে। এটা আল্লাহর এই কথার মতই,وَنَبِّي عِبَادِي أَنِّي أَنَا الْغَفُورُ الرَّحِيمُ، وَأَنَّ, وَأَنَّ, وَأَنَّ, وَأَنَّ, وَأَنَّ, وَأَنَّ, وَأَنْ



﴿ عَذَابِي هُوَ الْعَذَابِ الْأَلِيمُ ''তুমি আমার বান্দাদেরকে জানিয়ে দাও যে, আমি অত্যন্ত ক্ষমাশীল, দয়ালু, এবং এটাও যে, আমার শাস্তি কঠিন যন্ত্রণাদায়ক শাস্তি।'' (সূরা হিজর ৪৯-৫০) কুরআন কারীমে বেশীরভাগ স্থানে এই উভয় গুণ পাশাপাশি উল্লেখ করা হয়েছে। যাতে মানুষ ভয় ও আশার মধ্যে থাকে। কেননা, শুধু ভয় মানুষকে আল্লাহর রহমত ও তাঁর ক্ষমা লাভ হতে নিরাশ করে দিতে পারে। আর কেবল আশা মানুষকে পাপকাজে উৎসাহিত করতে পারে।

[3] گُوْلُ এর অর্থ, সচ্ছলতা, ধনবতা। অর্থাৎ, তিনিই সচ্ছলতা ও ধনবতা দানকারী। কেউ কেউ বলেছেন, এর অর্থ, পুরস্কার ও অনুগ্রহ। অর্থাৎ, তিনি স্বীয় বান্দাদেরকে পুরস্কৃত ও তাদের প্রতি অনুগ্রহ করেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4136

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন